

এপিজে-র নয়া বিজনেস সেন্টার

এই সময়: পার্ক স্ট্রিটের পর বুধবার সন্টলেক সেক্টর ফাইভে নয়া বিজনেস সেন্টার চালু করল কলকাতার এপিজে গোষ্ঠী। ইকো সেন্টার-এর ১৬-তলা জুড়ে এই সেন্টারে নানা সংস্থা অফিস চালাতে পারবে। সব মিলিয়ে ৩৫০-আসনের এই সেন্টারের ৪৫টি আসন স্টার্ট-আপ সংস্থাদের জন্য সুনির্দিষ্ট। স্টার্ট-আপ সংস্থাগুলির জন্য প্রত্যেক সিটের মাসিক ভাড়া ৬০০০ টাকা। এপিজে রিয়্যাল এস্টেট-এর দাবি, পূর্ণাঙ্গ অফিস খুলতে যেহেতু প্রচুর অর্থ প্রয়োজন, তাই গোড়াতে বহু সংস্থাই নিজস্ব অফিস খোলার বদলে সমস্ত পরিকাঠামো সহ 'কো-ওয়ার্কিং স্পেস'-এ কাজ করাকে অগ্রাধিকার দেয়।

এপিজে রিয়্যাল এস্টেট-এর হেড শৌভিক মণ্ডল বলেন, 'সারা দেশের সঙ্গে পাল্লা দিয়ে কলকাতাতেও শেয়ার অফিস স্পেস-এর বাজার দ্রুতগতিতে বাড়ছে। চাহিদা বাড়ার কারণেই আমরা নয়া সেন্টার চালু করছি।

আঠারো বছর আগে আমরাই দেশে প্রথম পার্ক স্ট্রিটের এপিজে হাউজ-এর একটি তলায় বিজনেস সেন্টার চালু করেছিলাম। কলকাতায় ব্রিটিশ এয়ারওয়েজ এবং সিসকো-র মতো সংস্থা এপিজে হাউজ-এই প্লাগ অ্যান্ড প্লে সেন্টারে তাদের প্রথম দপ্তর চালু করে। তবে সন্টলেকের ক্ষেত্রে আমরা তথ্য প্রযুক্তি শিল্পকে অগ্রাধিকার দিচ্ছি।'

রিয়্যাল এস্টেট উপদেষ্টা সংস্থা জেএলআর-এর এক রিপোর্ট অনুযায়ী, ২০২০ সালের মধ্যে ভারতে প্লাগ অ্যান্ড প্লে সিটার-এর ১ কোটি ৩৬ লক্ষ চাহিদা সৃষ্টি হবে, তার মধ্যে ৮০ লক্ষ টিয়ার-১ শহরগুলিতে। বর্তমানে সারা দেশে প্লাগ অ্যান্ড প্লে সিটার রয়েছে ১০ লক্ষের মতো।

ভারতের বিভিন্ন শহরে থাকা বিজনেস সেন্টার মিলিয়ে এপিজে-র আসন সংখ্যা চলতি মাসের শেষেই ২১০০-তে পৌঁছে যাবে। সংস্থার লক্ষ্য, আগামী তিন বছরে সংখ্যাটি পাঁচ গুণ করা।